ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-১৮৪১</u>

আগরতলা,২১ জুলাই,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘ত্রিপুরা সুন্দরী মহকুমা হাসপাতালের অব্যবস্থা মুখ্যমন্ত্রীর স্বপ্নের স্বাস্থ্য পরিষেবায় বিশেষজ্ঞ চিকিৎসক দেওয়া হলেও পরিকাঠামো উধাও,’’ এই শিরোনামে গত ১৮ জুলাই, ২০২৫ প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে উদয়পুরস্থিত ত্রিপুরা সুন্দরী মহকুমা হাসপাতাল থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, বর্তমানে ত্রিপুরা সুন্দরী মহকুমা হাসপাতালে জেনারেল মেডিসিন, *প্রসূতি ও স্ত্রীরোগ* এবং অর্থোপেডিক্সে বিশেষজ্ঞ চিকিৎসক নিযুক্ত রয়েছেন । তাঁরা সপ্তাহে দু’দিন বহির্বিভাগে বিশেষজ্ঞ পরিষেবা প্রদান করছেন। এছাড়াও তাঁরা অন্তর্বিভাগ এবং ২৪x৭ জরুরী পরিষেবাও দিয়ে থাকেন। এই হাসপাতালের মাইনর ওটিতে অর্থোপেডিক্স এবং *প্রসূতি ও স্ত্রীরোগ বিভাগের* মাইনর অপারেশন নিয়মিতভাবে পরিষেবা প্রদান করা হচ্ছে। উল্লেখ্য, ত্রিপুরা সুন্দরী মহকুমা হাসপাতাল প্রতিষ্ঠার দিন থেকেই সুসজ্জিত লেবার রুম এবং চার শয্যা বিশিষ্ট প্রসবপূর্ব পরিষেবা চালু আছে। এই হাসপাতালের মেজর ওটি কমপ্লেক্সের সংস্কার কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে।

*****